

বরাবর,
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

বিষয়: প্রেষণাদেশ বাতিলের প্রেক্ষিতে বিটিসিএল হতে Relinquish হয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদান প্রসঙ্গে।

- ১। টেলিযোগাযোগ অধিদপ্তর সূত্র নং:-১৪.৩০.০০০০.২১২.১৮.১৯৫.১৬.১৪ তারিখ: ১৩ মার্চ ২০১৭।
- ২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সূত্র নং:-১৪.০০.০০০০.০০৮.১৯.০২৪.২০১৫-১৪৮ তারিখ: ০৬ এপ্রিল ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আর্কষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থিত ১নং পত্রের মাধ্যমে বিটিসিএল এর প্রেষণাদেশ বাতিল করে টেলিযোগাযোগ অধিদপ্তর নিম্নস্বাক্ষরকারীর চাকুরী উক্ত অধিদপ্তরে ন্যস্ত করেছে। আদেশ অনুযায়ী আমি গত ১৫-০৩-২০১৭ তারিখে বিটিসিএল হতে বিমুক্তির জন্য আবেদন করি (কপি সংযুক্ত)। কিন্তু আমার বিটিসিএল হতে বিমুক্তির আদেশ পাইনি। পরবর্তীতে সূত্র নং ২ এর মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে পুনরায় আমার প্রেষণাদেশ বাতিল করে চাকুরি টেলিযোগাযোগ অধিদপ্তরের অধীনে ন্যস্ত করা হয়েছে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আদেশের প্রেক্ষিতে গত ১৬-০৪-২০১৭ তারিখে আবার বিমুক্তির জন্য আবেদন করি (কপি সংযুক্ত)। কিন্তু এখনও বিটিসিএল কর্তৃপক্ষ কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করেনি। এখানে উল্লেখ্য যে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আদেশ অবিলম্বে কার্যকর করার নির্দেশনাও রয়েছে।

উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে সরকারী আদেশ প্রতিপালনের স্বার্থে অদ্য ২৬-০৪-২০১৭ ইং পূর্বাঙ্কে বিটিসিএল হতে দায়িত্ব Relinquish করে টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদান করলাম। আমার যোগদানপত্র গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-২৬/০৪/২০১৭
(নুরুল মাবুদ চৌধুরী)
বিভাগীয় প্রকৌশলী
পরিচিতি নং: ২১৮৬।




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়



নং-১৪.৩০.০০০০.২১২.১৯.০৯৫.১৬.১৭

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৪
২৭ এপ্রিল ২০১৭

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ০৬/০৪/২০১৭ খ্রিঃ তারিখের ১৪.০০.০০০০.০০৮.১৯.০২৪.২০১৫-১৪৮ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপন মূলে জনাব নুরুল মাবুদ চৌধুরী(২১৮৬), বিভাগীয় প্রকৌশলী ২৬/০৪/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে যোগদানপত্র দাখিল করায় তাঁর যোগদানপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণপূর্বক তাঁকে এ অধিদপ্তরের উপপরিচালক (সম্পদ ব্যবস্থাপনা - পিএসটিএন ও গেটওয়ে) এর শূণ্য পদে পদস্থাপন করা হলো। তিনি উক্ত পদে যোগদানপূর্বক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপপরিচালক (অন্যান্য সংস্থা) এর দায়িত্বও পালন করবেন। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


২৭ ৪ ১০ ১৭
(মোঃ আব্দুল ওহাব)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৯৮৩০৯৩৩
abdul.wahab@telecomdept.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লি., ৩৭/ই, ইক্সটন গার্ডেন, ঢাকা।
- ৩। জনাব নুরুল মাবুদ চৌধুরী(২১৮৬), বিভাগীয় প্রকৌশলী, ডিওটি, তেজগাঁও, ঢাকা।
- ৪। উপপরিচালক (অর্থ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। উপপরিচালক (আইসিটি স্বাস্থ্যবায়ন/আইসিটি পরিকল্পনা), ডিওটি, যথাক্রমে ই-ফাইলিং ব্যবস্থাপনা ও আদেশটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (টিএন্ডটি), সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (সম্বন্ধ), টেলিযোগাযোগ অধিদপ্তর, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অফিস কপি।